

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৭০/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ কুতুব উদ্দিন
পিতা-মরহুম মোঃ সফিউদ্দিন
ই-৩৪, র্যাভ-২ এর পশ্চিম পার্শে
আগারগাঁও, ঢাকা।

প্রতিপক্ষ : জনাব মোহাম্মদ সাইফুল আলম খান
সিস্টেমস এনালিস্ট
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৬-০৮-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ কুতুব উদ্দিন ০৮-০৪-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের সিস্টেমস এনালিস্ট ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোহাম্মদ সাইফুল আলম খান বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ৯ম সংসদের মাননীয় সংসদ সদস্য, জনাব মোঃ শহীদ উদ্দিন চৌধুরী এ্যানী, ২৭৬, লক্ষ্মীপুর-৩, কর্তৃক গত ১৮-০৬-২০১৩ তারিখে প্রেরণকৃত ডি. ও. পত্রে উল্লেখিত বিষয়ের অগ্রগতি সংক্রান্ত তথ্যাদি।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ১২-০৫-২০১৪ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৯-০৬-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ০৭-০৮-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৬-০৮-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ কুতুব উদ্দিন ও প্রতিপক্ষ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের সিস্টেমস এনালিস্ট ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোহাম্মদ সাইফুল আলম খান হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। এরপরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৫। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের সিস্টেমস এনালিস্ট ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোহাম্মদ সাইফুল আলম খান তার বক্তব্যে উল্লেখ করেন যে, যখন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) হিসেবে তাকে নিয়োগ দেয়া হয় তখন তিনি দেশের বাহিরে ছিলেন। এজন্য যথাসময়ে তিনি তথ্য সরবরাহ করতে পারেননি। পরবর্তীতে তিনি তথ্য সংগ্রহ করে অভিযোগকারীকে সরবরাহ করেছেন। তিনি তথ্য কমিশনের ট্রাইব্যুনালে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য পুনরায় সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করেন।

(অ:পূ:দ্র:)

পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্য সরবরাহ করেছেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য কমিশনের ট্রাইব্যুনালে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য পুনরায় সরবরাহ করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে যেহেতু, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্য সরবরাহ করেছেন, সেহেতু, অভিযোগটি নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার